## মৃত্তিকা :

ইংরেজি 'soil' শব্দটি লাতিন শব্দ 'solum' থেকে এসেছে, যার অর্থ হল 'ভূমিতল' বা 'মেঝে'। সাধারণভাবে দীর্ঘকাল ধরে বিভিন্ন প্রাকৃতিক পরিবেশে বিভিন্ন ভৌত, রাসায়নিক ও জৈবিক প্রক্রিয়ার মাধ্যমে আদি শিলার পরিবর্তন ঘটে, ফলে ভূপৃষ্ঠের ওপরে বিভিন্ন খনিজ ও জৈব পদার্থ সমৃদ্ধ যে পাতলা ভঙ্গুর আবরণ বা স্তর সৃষ্টি হয়, ~~তাকে~~ যা উদ্ভিদ বৃদ্ধির সহায়ক, তাকে মৃত্তিকা বলে। বিভিন্ন মৃত্তিকা বিজ্ঞানী তাঁদের দৃষ্টিকোণ থেকে মৃত্তিকার বিভিন্ন সংজ্ঞা প্রদান করেছেন।

(i) ডকুচেভ প্রদত্ত সংজ্ঞা (1893 খ্রিঃ) :—

মূল শিলা চূর্ণ-বিচূর্ণ হয়ে ভূত্বকের উপরিভাগে যে স্তর গঠন করে এবং এই স্তরটি যখন জল, বায়ু ও জীবকুল দ্বারা নানা-রকম প্রভাবিত হয়, তাকে মাটি বলে।

Scanned with CamScanner

(ii) ফিনোগ্রাডে প্রদত্ত সংজ্ঞা (1906 খ্রিঃ) :—

মৃত্তিকা হল ভূপৃষ্ঠের উপর সৃষ্টি এক প্রকার শিথিল পদার্থ যেখানে সালোকসংশ্লেষ সহযোগী উদ্ভিদ জন্মায় এবং সেখান থেকে খাদ্য গ্রহণ করে।

(iii) জেনি প্রদত্ত সংজ্ঞা (1941 খ্রিঃ) :—

মৃত্তিকা হল জনৈক এক প্রাকৃতিক বস্তু যার মূল শিলা, জীবজগৎ, জলবায়ু, ভূমিরূপ প্রভৃতি উপাদানগুলির দীর্ঘকালীন ক্রিয়া-প্রতিক্রিয়ার ফল।